# কুমিল্লা বোর্ডে রবিবারের এইচএসসি পরীক্ষায় অনুপস্থিত ১৭১২, বহিষ্কার ১

কুমিল্লা প্রতিনিধি

প্রকাশ: ১৯ জুলাই, ২০২৬ ২১:১২




সংগৃহীত ছবি

কুমিল্লা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের অধীনে রবিবারের এইচএসসি পরীক্ষার রসায়ন (তত্ত্বীয়) ১ম পত্র, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ১ম পত্র, ইতিহাস ১ম পত্র, গৃহ ব্যবস্থাপনা ও পারিবারিক জীবন ১ম পত্র ও উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন ১ম পত্র বিষয়ে ১ হাজার ৭১২ জন পরীক্ষার্থী অনুপস্থিত ছিল। এ ছাড়া অসদুপায় অবলম্বনের দায়ে ১ পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

রবিবার (১৯ জুলাই) সন্ধ্যায় কুমিল্লা শিক্ষা বোর্ডের উপ-পরীক্ষা নিয়ন্ত্রক সালাহ্উদ্দিন কালের কণ্ঠকে এই তথ্য নিশ্চিত করেন।

তিনি জানান, কুমিল্লা শিক্ষা বোর্ডের অধীন কুমিল্লা, ফেনী, নোয়াখালী, লক্ষ্মীপুর, চাঁদপুর ও ব্রাহ্মণবাড়িয়া জেলার মোট ৫৯ হাজার ৭২৯ জন পরীক্ষার্থীর মধ্যে ৫৮

হাজার ১৭ জন ছাত্র-ছাত্রী পরীক্ষায় অংশ নেয়। অবশিষ্ট ১ হাজার ৭১২ জন পরীক্ষার্থী অনুপস্থিত ছিল। অনুপস্থিতির হার ২ দশমিক ৮৭ শতাংশ।

অনুপস্থিত পরীক্ষার্থীদের মধ্যে কুমিল্লা জেলায় ৫৮৩ জন, ব্রাহ্মণবাড়িয়ায় ২৪০ জন, চাঁদপুরে ১২৪ জন, ফেনীতে ১৪৯ জন, নোয়াখালীতে ৪৩৮ জন এবং লক্ষ্মীপুর জেলায় ১৭৮ জন অনুপস্থিত ছিল। এ ছাড়া অসদুপায় অবলম্বনের দায়ে নোয়াখালী জেলায় ১ পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক সালাহ্উদ্দিন আরো বলেন, ‘রবিবার অনুষ্ঠিত পরীক্ষায় কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, ফেনী, নোয়াখালী ও লক্ষ্মীপুর জেলায় মোট ১ হাজার ৭১২ জন পরীক্ষার্থী অনুপস্থিত ছিল। এ ছাড়া অসদুপায় অবলম্বনের দায়ে নোয়াখালী জেলায় ১ শিক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।